

(একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
পার-৪ অধিশাখা।

নং-পার-৪ অধিশাখা/পদসৃষ্টি-৩৩/২০০৮/৪৯২

তারিখঃ ১৪.০৯.২০০৯ খ্রিঃ।

প্রেরকঃ মো: জিল্লুর রহমান চৌধুরী
উপ সচিব।

প্রাপ্তকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ ফেনী, দাউদকান্দি (কুমিল্লা), ভালুকা (ময়মনসিংহ), ফরিদপুর এবং সিরাজগঞ্জ সদরে স্থাপিত ৫(পাঁচ) টি
২০ শয্যা বিশিষ্ট ট্রমা সেন্টারের জন্য পদ সৃজন।

আদিষ্ট হয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন ফেনী, দাউদকান্দি (কুমিল্লা), ভালুকা (ময়মনসিংহ), ফরিদপুর এবং সিরাজগঞ্জ সদরে স্থাপিত ৫(পাঁচ) টি ২০ শয্যা বিশিষ্ট ট্রমা সেন্টারের জন্য রাজস্বখাতে ৭০টি পদ বছর বছর সংরক্ষণের ভিত্তিতে অস্থায়ীভাবে সৃজনে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছিঃ

পদগুলো নিম্নরূপঃ

ক্রমিক নং	পদের নাম ও পদ সংখ্যা	জাতীয় বেতন স্কেল/২০০৫	যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪
১	আবাসিক মেডিকেল অফিসার- ১ x ৫ = ৫(পাঁচ)টি	টাঃ ১১০০০-১৭৬৫০/- (৬ নং স্কেল)	The BCS Recruitment Rules (Health), 1981 অনুযায়ী সরাসরি নিয়োগের যোগ্যতা: (a) MBBS from a recognised institution or any equivalent academic qualification recognised by the B.M.D.C ii) Registration from the B.M.D.C তবে, প্রথম শ্রেণী পদে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।
২	ক) জুনিয়র কনসালটেন্ট (অর্থোঃ) -১ x ৫ = ৫(পাঁচ)টি খ) জুনিয়র কনসালটেন্ট (এ্যানেসঃ) -১ x ৫ = ৫(পাঁচ)টি	টাঃ ১১০০০-১৭৬৫০/- (৬ নং স্কেল)	ক) বিএমডিসি কর্তৃক যে কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে এমবিবিএস বা সমমানের ডিগ্রী। খ) বিএমডিসি কর্তৃক পূর্ণ রেজিস্ট্রেশনকৃত এবং বিএমডিসি কর্তৃক স্বীকৃত এবং যে কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে স্নাতকোত্তর ডিগ্রী অথবা ডিপ্লোমাসহ সহকারী সার্জন হিসেবে ৪(চার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। গ) তবে, ১ম শ্রেণীর পদে কমপক্ষে ৫(পাঁচ) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।
৩	সিনিয়র ষ্টাফ নার্স - ৩ x ৫ = ১৫(পনের)টি	টাঃ ৪১০০-৭৭৪০/- (১১ নং স্কেল)	সরাসরি: এসএসসি পাশসহ বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক স্বীকৃত ০৩ (তিন) বৎসর মেয়াদী জেনারেল নার্সিং কোর্সে ডিপ্লোমা পাশ থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।
৪	ফার্মাসিষ্ট -১ x ৫ = ৫(পাঁচ)টি	টাঃ ৪১০০-৭৭৪০/- (১১ নং স্কেল)	সরাসরি: এস,এস,সি পাসসহ সরকার কর্তৃক স্বীকৃত যে কোন ইনস্টিটিউট/ ইন্সটিটিউট অব হেলথ টেকনোলজী হতে সংশ্লিষ্ট বিষয়ে তিন বছর মেয়াদী ডিপ্লোমা পাশ থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে পাঁচ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

৫	মেডিকেল টেকনোলজিস্ট (রেডিও) - ১ x ৫ = ৫(পাঁচ)টি	টাঃ ৪১০০-৭৭৪০/- (১১ নং স্কেল)	সরাসরি: এস,এস,সি পাসসহ সরকার কর্তৃক স্বীকৃত কোন ইনস্টিটিউট/ইন্সটিটিউট অব হেলথ টেকনোলজি হতে সংশ্লিষ্ট বিষয়ে তিন বছর মেয়াদী ডিপ্লোমা পাশ থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে পাঁচ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
৬	মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাব) - ১ x ৫ = ৫(পাঁচ)টি	টাঃ ৪১০০-৭৭৪০/- (১১ নং স্কেল)	সরাসরি: এস,এস,সি পাসসহ সরকার কর্তৃক স্বীকৃত যে কোন ইনস্টিটিউট/ইন্সটিটিউট অব হেলথ টেকনোলজি হতে সংশ্লিষ্ট বিষয়ে তিন বছর মেয়াদী ডিপ্লোমা পাশ থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে পাঁচ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
৭	ড্রাইভার - ১ x ৫ = ৫(পাঁচ)টি	টা: ৩০০০-৫৯২০/- (১৬ নং স্কেল) (হালকা লাইসেন্স) ----- (টা: ৩১০০-৬৩৮০ (১৫ নং স্কেল) (ভারী লাইসেন্স)	সরাসরি নিয়োগের ক্ষেত্রে: ৮ম শ্রেণী পাশসহ হালকা গাড়ী চালনার লাইসেন্স থাকা সাপেক্ষে ১৬ নং স্কেল এবং ৮ম শ্রেণীপাশসহ ভারী গাড়ী চালনার লাইসেন্স থাকা সাপেক্ষে ১৫ নং স্কেল প্রাপ্য।
৮	অফিস সহকারী কাম-ডাটা এন্ট্রি অপারেটর- ১ x ৫ = ৫(পাঁচ)টি	টা: ৩০০০-৫৯২০/- (১৬ নং স্কেল)	সরাসরি নিয়োগের ক্ষেত্রে: কমপক্ষে এইচএসসি পাশসহ কম্পিউটারে ডাটা প্রসেসিং-এ/কম্পিউটার চালনায় বাস্তব অভিজ্ঞতা।
৯	ওয়ার্ড বয় - ১ x ৫ = ৫(পাঁচ)টি	টা: ২৪০০-৪৩১০/- (২০ নং স্কেল)	The Bangladesh health services (Non Medical Officers and Employees Recruitment) Rules, 1985 অনুযায়ী।
	আয়া - ১ x ৫ = ৫(পাঁচ)টি	টা: ২৪০০-৪৩১০/- (২০ নং স্কেল)	The Bangladesh health services (Non Medical Officers and Employees Recruitment) Rules, 1985 অনুযায়ী।
	ল্যাবরেটরী এটেনডেন্ট - ১ x ৫ = ৫(পাঁচ)টি	টা: ২৪০০-৪৩১০/- (২০ নং স্কেল)	The Bangladesh health services (Non Medical Officers and Employees Recruitment) Rules, 1985 অনুযায়ী।

- ২। এমএলএসএস-১ x ৫ = ৫ (পাঁচ)টি, দারোয়ান-২ x ৫ = ১০ (দশ)টি এবং সুইপার- ১ x ৫ = ৫ (পাঁচ)টিসহ মোট ২০ টি পদের কাজ আউট সোর্সিং এর মাধ্যমে সম্পাদন করতে হবে।
- ৩। উপরের ছকের ৩ নং কলামের সুপারিশকৃত বেতনস্কেল ৪ নং কলামে প্রদত্ত যোগ্যতা/অভিজ্ঞতা অনুযায়ী কার্যকর হবে।
- ৪। উল্লিখিত কর্মকর্তাদের যাবতীয় ব্যয়ভার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কোড নম্বর হতে মিটানো হবে।
- ৪। এ আদেশ জারীতে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

Signature

Signature

মো: জিল্লুর রহমান চৌধুরী
উপসচিব (পার-৪)
ফোন-৯৫৪৫১৩৪

নং-পার-৪ অধিশাখা/পদসৃষ্টি-৩৩/২০০৮/৪৯২

তারিখঃ ১৪.০৯.২০০৯ খ্রিঃ।

অনুলিপি ০৪(চার) কপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সহকারী সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, (ব্যঃনিঃ-৬) এর নিকট প্রেরণ করা হলো। এর ২(দুই) কপি পৃষ্ঠাংকনপূর্বক ১(এক) কপি সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং ১(এক) কপি প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা ঢাকা এর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১৫ঃ
মো: জিল্লুর রহমান চৌধুরী
উপসচিব

নং-অম/অবি(ব্যনিঃ-৫)স্বাস্থ্য-২১/২০০৬

তারিখঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা ঢাকা বরাবর প্রেরণ করা হলো। এ আদেশ জারীতে অর্থ মন্ত্রণালয় অর্থ বিভাগের (ব্যঃনিঃ) এর সম্মতি রয়েছে।

সিনিয়র সহকারী সচিব
ব্যঃনিঃ-৬ শাখা
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-পার-৪ অধিশাখা/পদসৃষ্টি-৩৩/২০০৮/৪৯২

তারিখঃ ১৪.০৯.২০০৯ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। উপ সচিব (পার-১/২/৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক,.....
- ৫। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (প্রশা-১/নাসিং), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। পরিচালক, সেবা পরিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৭। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,.....
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা,.....
- ৯। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তৌকে সরকারী আদেশটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১৫ঃ
মো: জিল্লুর রহমান চৌধুরী
উপসচিব